দৈনিক
ইনকিলাব

তারিখ ... SEP. ০৪-2006 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৫......

# ৭ বোর্ডে সেরা ৭০ কলেজ

স্টাফ রিপোর্টার

এইচএসসি পরীক্ষা ২০০৬ সালের ঢাকা বোর্ডের সেরা ফলাফল অর্জনকারী ১০টি শিক্ষাপ্রতিষ্ঠান হচ্ছে- নটর ডেম কলেজ পাসের হার ৯৮.৭৬ জন এবং জিপিএ-৫ পেয়েছে ৮৭৫ জন। ভিকারুননেসা নূন কলেজ পাসের হার ৯৯.৩৯ জন, জিপিএ-৫ পেয়েছে ৫১৯ জন। ঢাকা সিটি কলেজে পাসের হার ৯৯.৩০, জিপিএ ৫ পেয়েছে ২৯০। বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ ক্লাব স্কুল এন্ড কলেজে *১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন*

# ৭ বোর্ডে সেরা ৭০ কলেজ

*প্রথম পৃষ্ঠার পর*

পাসের হার ৯৯.৫৮, জিপিএ-৫ পেয়েছে ২৯৭ জন। ঢাকা কলেজে পাসের হার ৯২.৩৫, জিপিএ-৫ পেয়েছে ২৫৮ জন। ঢাকা কমার্স কলেজে পাসের হার ৯৯.৯৩, জিপিএ-৫ পেয়েছে ২২৭ জন। আইডিয়াল স্কুল এন্ড কলেজ মতিঝিল স্কুলে পাসের হার ৯৮.৬২, জিপিএ-৫ পেয়েছে ১৯৩ জন। হলিক্রস কলেজে পাসের হার ৯৮.৯৪, জিপিএ-৫ পেয়েছে ১৭৫ জন। রাজউক উত্তরা মডেল স্কুল এন্ড কলেজে পাসের হার ১০০, জিপিএ-৫ পেয়েছে ১৬২ জন। রেসিডেন্সিয়াল মডেল কলেজে পাসের হার ৯৯.৩৮, জিপিএ-৫ পেয়েছে ১৩৪ জন।

যশোর বোর্ডের সেরা ফলাফল অর্জনকারী ১০টি শিক্ষাপ্রতিষ্ঠান হচ্ছে- ঝিনাইদা ক্যাডেট কলেজ, পাসের হার ১০০, জিপিএ-৫ পেয়েছে ৪৩ জন। ক্যান্টনমেন্ট কলেজ যশোরে পাসের হার ৯৫.৯৬, জিপিএ-৫ পেয়েছে ১১৪ জন। শেখ আকিজ উদ্দিন হায়ার সেকেন্ডারি স্কুল ঝিকরগাছা যশোর, পাসের হার ৯৪.৫৭, জিপিএ-৫ পেয়েছে ২ জন। খুলনা পাবলিক কলেজে পাসের হার ৯৪.৫০, জিপিএ-৫ পেয়েছে ২৫ জন। গভর্নমেন্ট গার্লস কলেজ খুলনায় পাসের হার ৯১.২১, জিপিএ-৫ পেয়েছে ৫০ জন। বঙ্গবন্ধু মেমোরিয়াল কলেজ শৈলকুপা ঝিনাইদহ কলেজে পাসের হার ৯০.৬৭, জিপিএ-৫ পেয়েছে ২ জন। ছাতিয়ানতলা গার্লস স্কুল এন্ড কলেজ বাগারপাড়া যশোর কলেজে পাসের হার ৯০.৪৮, জিপিএ-৫ পেয়েছে ১ জন। বিএএফ শাহীন কলেজ যশোরে পাসের হার ৮৯.৪৭, জিপিএ-৫ পেয়েছে ১৮ জন। খবির-উর-রহমান কলেজ বাগারপাড়া যশোর কলেজে পাসের হার ৮৬.৯০, জিপিএ-৫ কেউ পায়নি। হিজলদাঙ্গা শহীদ ফ্লাইট লেফটেন্যান্ট মাসুদ মেমোরিয়াল কলেজ কেসবপুর পাসের হার ৮৫.৪৮, জিপিএ-৫ পেয়েছে ৪ জন।

বরিশাল বোর্ডের সেরা ফলাফল অর্জনকারী ১০টি শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে অমৃতলাল দে কলেজ বরিশাল সদর পাসের হার ৮৮.০৭, জিপিএ-৫ পেয়েছে ৭২ জন। বরিশাল গভর্নমেন্ট গার্লস কলেজ পাসের হার ৭২.২৭, জিপিএ-৫ পেয়েছে ৩১ জন। বরিশাল ক্যাডেট কলেজ বাবুগঞ্জ বরিশাল পাসের হার ১০০ ভাগ, জিপিএ-৫ পেয়েছে ৩১ জন। গভর্নমেন্ট সৈয়দ হাতেম আলী কলেজ বরিশাল পাসের হার ৬৮.১১, জিপিএ-৫ পেয়েছে ১৫ জন। মাজাহার উদ্দিন বিশ্বাস কলেজ কলাপাড়া পটুয়াখালী কলেজে পাসের হার ৭৭.৫৮, জিপিএ-৫ পেয়েছে ৬ জন। বরগুনা গভর্নমেন্ট কলেজ বরগুনা সদর পাসের হার ৬০.৬১, জিপিএ-৫ পেয়েছে ৬ জন। পিরোজপুর গভর্নমেন্ট গার্লস কলেজ পাসের হার ৭৬.৮২, জিপিএ-৫ পেয়েছে ৬ জন, আমতলী কলেজ আমতলী বরগুনা পাসের হার ৭৩.৪৮, জিপিএ-৫ পেয়েছে ৫ জন। চরফ্যাশন কলেজ ভোলা পাসের হার ৫৯.৪১, জিপিএ-৫ পেয়েছে ৫ জন। গলাচিপা ডিগ্রী কলেজ, গলাচিপা পটুয়াখালী পাসের হার ৭৪.২১, জিপিএ-৫ পেয়েছে ৪ জন।

সার্বিক ফলাফলের দিক থেকে টপ টেনের শীর্ষে আছে ফৌজদারহাট ক্যাডেট কলেজ, এরপর যথাক্রমে ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, সরকারী বাণিজ্য কলেজ, ইস্পাহানী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম কলেজ, সিটি কমার্স কলেজ, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার কলেজ, হাজী মুহাম্মদ মহসীন কলেজ, কক্সবাজার জেলার পেখুয়া উপজেলার জিয়াউর রহমান উপকূলীয় কলেজ ও চুয়েট ক্যাম্পাস স্কুল এন্ড কলেজ।

শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে এমন কলেজের সংখ্যা ৩টি। ফৌজদারহাট ক্যাডেট কলেজের মোট পরীক্ষার্থী ছিল ৪৭ জন। তাদের সবাই পাস করেছে। আইয়ুব বিবি সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজের ২১ জন পরীক্ষার্থী এবং রাঙ্গামাটির সিজক স্কুল এন্ড কলেজের ৪ জন পরীক্ষার্থীর সকলেই পাস করেছে।

৫টি কলেজের কোন পরীক্ষার্থীই পাস করতে পারেনি। কলেজগুলো হলো- বন্দরনগরীর পাথরঘাটায় অবস্থিত জেএম সেন নৈশ কলেজ, দক্ষিণ রাঙ্গুনিয়ার শিলক মহিলা কলেজ, টেকনাফের আল আলী আছিয়া কলেজ, খাগড়াছড়ির লক্ষ্মীছড়ি কলেজ ও পার্বত্য বান্দরবান জেলার রুমা উপজেলার সাঙ্গু কলেজ।

সিলেট বোর্ডে পাসের হারের দিক দিয়ে সেরা দশটি কলেজের মধ্যে স্থান পেয়েছে সিলেট ক্যাডেট কলেজ (শতভাগ), জালালাবাদ ক্যান্টঃ পাবলিক কলেজ (৯৫.৭২ ভাগ) দি বার্ডস রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ মৌলভীবাজার (৯৩.০৫ ভাগ) সিলেট সরকারী মহিলা কলেজ (৮৩.৮০ ভাগ) সিলেট এমসি কলেজ (৮৩.৫৯ ভাগ), জনাব আলী কলেজ হবিগঞ্জ (৭০.৫৫ ভাগ), মৌলভীবাজার সরকারী কলেজ (৬৮.৭০ ভাগ), শ্রীমঙ্গল সরকারী কলেজ (৬২.৯৯ ভাগ), মদন মোহন কলেজ (৫৮.৯৭ ভাগ), সুনামগঞ্জ সরকারী কলেজ (৫৮.০৭ ভাগ)।

রাজশাহী বোর্ডে এবার দু'টি কলেজে পাসের হার শতকরা ১০০ ভাগ। এগুলো হলো- রাজশাহী ক্যাডেট কলেজ ও পাবনা ক্যাডেট কলেজ। সেরা দশের তালিকায় আরো রয়েছে রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজ, রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া আজিজুল হক কলেজ, বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর সরকারী কলেজ, রাজশাহী সিটি কলেজ ও দিনাজপুর সরকারী কলেজ। রাজশাহী নিউ ডিগ্রী গভঃ কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৩৫০ জন। একইভাবে রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে ১৮০ জন, বগুড়া আজিজুল হক কলেজ থেকে ১৩৯ জন, বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে ১১৫ জন, সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে ৬৫ জন, রংপুর সরকারী কলেজ থেকে ৫৯ জন, রাজশাহী সিটি কলেজ থেকে ৫১ জন, রাজশাহী ক্যাডেট কলেজ থেকে ৫০ জন, দিনাজপুর সরকারী কলেজ থেকে ৫০ জন ও পাবনা ক্যাডেট কলেজ থেকে ৪৪ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

কুমিল্লা বোর্ডের সেরা দশটি কলেজের মধ্যে ৯টিই কুমিল্লা জেলার। এ ৯টি কলেজ হচ্ছে- ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, কুমিল্লা শশীদল আলহাজ মোঃ আবু তাহের কলেজ, রাজা মেহের ইঞ্জিনিয়ার এম এ মুন্সী আদর্শ কলেজ, মোঃ খন্দকার মোশাররফ হোসেন কলেজ, চৌরা আদর্শ কলেজ, কুমিল্লা ক্যাডেট কলেজ, দীঘিরপাড় টি আই কে মেমোরিয়াল কলেজ, ক্যান্টনমেন্ট কলেজ ও কালিকাপুর আব্দুল মতীন খসরু কলেজ। অন্য কলেজটি হচ্ছে চাঁদপুরের হাজেরা হাসমত ডিগ্রি কলেজ।